# মাধবপুর পৌরসভা কার্যালয়
## মাধবপুর, হবিগঞ্জ।

স্মারক নং- মাঃপৌঃ/প্রশাঃ/সাধাঃ/হাঃ বাঃ ও স্থাঃ/ইজারা/১৯/২০২৩/৫৭(১০০) তারিখ ঃ ৩১-০১-২০২৩ খ্রি.।

### হাট-বাজার ও অন্যান্য স্থাপনা ইজারা দরপত্র বিজ্ঞপ্তি ঃ
### বিজ্ঞপ্তি নং- ০১/২০২২-২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার, স্মারক নং- ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০, তারিখ ঃ ২১-০৯-২০১১ খ্রিঃ এর সরকারী হাট-বাজার সমূহের ব্যবস্থাপনা ও ইজারা পদ্ধতির নীতিমালার আলোকে এবং স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন- ২ শাখার স্মারক নং- ৪৬.০৪১.০৩০.০১.০০.০০১.২০১৮-৯৩, তারিখ ঃ ২০-০২-২০১৮ খ্রি. এর পরিপত্রের আলোকে সরকারী হাট-বাজার নীতিমালা- ২০১১ এর ২.৩ নং অনুচ্ছেদে বর্নিত বিগত ৩ বছরের ইজারা মূল্যের গড় মূল্যের সহিত অতিরিক্ত ৬% বৃদ্ধি করে মাধবপুর পৌরসভার নিয়ন্ত্রনাধীন হাট-বাজারের সরকারী মূল্য নির্ধারন করে, নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ ১৪৩০ বাংলা সনের জন্য (১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র) ইজারা প্রদানের নিমিত্ত সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

**দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান ঃ**

(ক) মাধবপুর পৌরসভা কার্যালয়, (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাধবপুর। (গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মাধবপুর। (ঘ) সোনালী ব্যাংক লিঃ, মাধবপুর শাখা। (ঙ) মাধবপুর থানা (পুলিশ ষ্টেশন), মাধবপুর। (চ) উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।

**দরপত্র সিডিউল গ্রহনের স্থান ঃ**

(ক) মাধবপুর পৌরসভা কার্যালয়, (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাধবপুর। (গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মাধবপুর। (ঘ) পুলিশ সুপার এর কার্যালয়, হবিগঞ্জ। (ঙ) জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ এ রক্ষিত দরপত্র বাক্সে নিম্নবর্ণিত তারিখ ও সময়ে গ্রহন করা হবে।

দরপত্র সমূহ নির্ধারিত নগদ মূল্যে (অফেরৎ যোগ্য) অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। নির্ধারিত ফরম ব্যতিত দাখিলকৃত দরপত্র বাতিল বলে গন্য হবে। নির্ধারিত হাট-বাজারের সিডিউল ফরম নির্ধারিত তারিখ ও সময়ে পাওয়া যাবে। এক পর্যায়ের সিডিউল অন্য পর্যায়ে ব্যবহার করা যাবে না। দরপত্র খোলার নির্দিষ্ট তারিখ ও সময়ে সংশ্লিষ্ট দপ্তরসমূহ হতে প্রাপ্ত সকল দরপত্র একীভূত করে মাধবপুর পৌরসভা কার্যালয়ে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। যে পর্যায়ের দরপত্র গৃহীত ও অনুমোদিত হবে পুঞ্জিকা অনুযায়ী সংশ্লিষ্ট হাট-বাজার/স্থাপনার পরবর্তী পর্যায়ের দরপত্র বিক্রয় ও গ্রহন স্বয়ক্রিয়ভাবে স্থগিত হয়ে যাবে। প্রতি পর্যায়ে ইজারাকৃত হাট-বাজার/স্থাপনা সমূহের তালিকা পরবর্তী পর্যায়ের সিডিউল ফরম ক্রয়ের পূর্বেই আগ্রহী দরপত্রদাতাগণকে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অবশ্যই জেনে নিতে হবে।

**দরপত্র সিডিউল বিক্রয় ও গ্রহনের দিনপঞ্জী ঃ**

| দরপত্রের পর্যায় | দরপত্রের সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র গ্রহনের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ২৬-০২-২০২৩ খ্রি.<br>৪.০০ ঘটিকা পর্যন্ত | ২৭-০২-২০২৩ খ্রি.<br>বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৭-০২-২০২৩ খ্রি.<br>বেলা ৩.০০ ঘটিকায় |
| ২য় পর্যায় | ১৫-০৩-২০২৩ খ্রি.<br>৪.০০ ঘটিকা পর্যন্ত | ১৬-০৩-২০২৩ খ্রি.<br>বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৬-০৩-২০২৩ খ্রি.<br>বেলা ৩.০০ ঘটিকায় |
| ৩য় পর্যায় | ২৯-০৩-২০২৩ খ্রি.<br>৪.০০ ঘটিকা পর্যন্ত | ৩০-০৩-২০২৩ খ্রি.<br>বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ৩০-০৩-২০২৩ খ্রি.<br>বেলা ৩.০০ ঘটিকায় |

**হাট বাজার ও স্থাপনা সমূহের বিবরণ ঃ**

| ক্রঃ নং | হাট-বাজার ও স্থাপনার নাম | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) | ৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য ও ৬% বৃদ্ধিতে সরকারি ইজারা মূল্য | গত বছরের ইজারা মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | মাধবপুর গরু, মহিষ ইত্যাদির হাট । | ৫,৬০০/- | ২৪,৫০,৪৪১/- | ২৩,৫০,২১১/- |
| ০২ | মাধবপুর ছাগল, ভেড়া, হাঁস মুরগী ইত্যাদির হাট। | ৩,০০০/- | ১১,৯৮,৬৫৫/- | ১৩,৩০,২১১/- |
| ০৩ | মাধবপুর তোহা বাজার। | ৩,৮০০/- | ১৫,২৫,৮৭০/- | ১৬,১২,৫০০/- |
| ০৪ | মাধবপুর বাঁশ বাজার। | ১,২০০/- | ২,৪১,৪৭৪/- | ২,৩২,২০৯/- |
| ০৫ | পণ্য উঠানামা ষ্ট্যান্ড। | ৩,৪০০/- | ১৩,২২,৩৫০/- | ১৩,০০,০০০/- |
| ০৬ | কাটিয়ারা গাবতলী সিএনজি ষ্ট্যান্ড। | ২,০০০/- | ৬,৮৪,৬৩৬/- | ৬,৮৭,১০০/- |
| ০৭ | গনশৌচাগার- ১ (মাছ বাজারের দক্ষিণ পার্শ্বে অবস্থিত)। | ১,২০০/- | ২,১৯,৪৯১/- | ২,১৫,২০০/- |
| ০৮ | গনশৌচাগার- ২ (ঢাকা-সিলেট মহাসড়কের পূর্ব পার্শ্বে অবস্থিত)। | ১,২০০/- | ২,২১,৭১৭/- | ২,১৬,৫০০/- |
| ০৯ | গনশৌচাগার- ৩ (মাধবপুর রিক্সা পট্রিতে অবস্থিত)। | ১,০০০/- | ১,৮৪,৬১৬/- | ১,৬৬,৫০০/- |
| ১০ | গনশৌচাগার- ৪ (মাধবপুর বাজারের উত্তর গলিতে অবস্থিত)। | ১,২০০/- | ২,০০,৬৯৩/- | ২,০৬,০০০/- |
| ১১ | নতুন গরুর বাজার ক্যান্টিন। | ৫০০/- | ৯৬,১৮০/- | ৮৬,০০০/- |

### " শর্তাবলী "

০১. বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ১৪৩০ বাংলা সনের ৩০শে চৈত্র পর্যন্ত ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার/স্থাপনা ইজারা দেওয়া হবে।

০২. দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে মেয়র, মাধবপুর পৌরসভা অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা (যদি থাকে) জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

০৩. যাহার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রের সাথে দাখিলকৃত জামানতের ২৫% অর্থ সমন্বয় করত; ইজারার অবশিষ্ঠ ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ এবং জাতীয় রাজস্ব বোর্ডের ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) পরিশোধ করবেন। অন্যথায় তাহার দরপত্র বাতিল বলে গন্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে।

চলমান পৃষ্টা- ২

০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহন করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্য হতে কম হয় তাহলে পরবর্তী পর্যায়ের জন্য দরপত্র উন্মুক্ত থাকবে। দ্বিতীয়বার দরপত্র আহবান স্বত্তেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারী মূল্য হতে কম হয় তাহা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত দিনপঞ্জী অনুযায়ী অব্যাহত থাকবে।

০৫. এক হাট-বাজার/ স্থাপনার জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজার/স্থাপনার জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহনের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজার/স্থাপনার নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭. সরকার/পৌরসভা অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন। উল্লেখ্য যে, বাজারের নির্ধারিত স্থান ব্যতিত বাজারের মার্কেট বা দোকান ঘরের সামনে বাজারের রাস্তায় বিভিন্ন পণ্য সামগ্রীর ক্ষুদ্র ব্যবসায়ীদের বসিয়ে টোল আদায় করা যাবে না।

০৮. প্রত্যেক বাজার/স্থাপনার জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্টায় স্বাক্ষর করতে হবে।

০৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার/স্থাপনা অন্যের নিকট সাব-লিজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার/স্থাপনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্ট্রার সংরক্ষন করবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে আড়াআড়িভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাট-বাজার/স্থাপনা ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে। এছাড়া ইজারা সংক্রান্ত সরকারি পরিপত্র/নীতিমালার যাবতীয় শর্তাবলী, অতিরিক্ত শর্তাবলী, এতদ্ববিষয়ে সরকার কর্তৃক সময় সময়ে জারিকৃত আদেশ নির্দেশ ও পৌরসভার নির্দেশনা ইজারাদার অবশ্যই মেনে নিতে বাধ্য থাকবেন।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিলের সর্বময় ক্ষমতা সংরক্ষন করেন।

31/01/23
(হাবিবুর রহমান)
মেয়র
মাধবপুর পৌরসভা, হবিগঞ্জ।
ফোন ঃ ০৮৩২৭-৫৬১১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরন করা হইল ঃ-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য
২. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৩. পুলিশ সুপার, হবিগঞ্জ।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), হবিগঞ্জ।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
৬. উপজেলা নির্বাহী অফিসার, মাধবপুর, হবিগঞ্জ।
৭. সহকারী কমিশনার (ভূমি), মাধবপুর, হবিগঞ্জ।
৮. অফিসার ইনচার্জ, মাধবপুর থানা, মাধবপুর, হবিগঞ্জ।
৯. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, মাধবপুর শাখা, হবিগঞ্জ।
১০. জনাব..................................................সদস্য (সকল), পৌর দরপত্র কমিটি, মাধবপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য ঃ-

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ মাধবপুর/ হবিগঞ্জ/লাখাই/ নবীগঞ্জ/ আজমিরীগঞ্জ/চুনারুঘাট/বাহুবল/বানিয়াচং/শায়েস্তাগঞ্জ, জেলা- হবিগঞ্জ।
২. মেয়র/প্রশাসক, হবিগঞ্জ/শায়েস্তাগঞ্জ/নবীগঞ্জ/আজমিরীগঞ্জ/চুনারুঘাট পৌরসভা, জেলা- হবিগঞ্জ।
৩. চেয়ারম্যান -------------------------ইউনিয়ন পরিষদ (সকল), মাধবপুর উপজেলা, জেলা- হবিগঞ্জ।
৪. জনাব ---------------------------------কাউন্সিলর (সকল), মাধবপুর পৌরসভা, জেলা- হবিগঞ্জ।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/পোস্ট মাস্টার/সাব-রেজিষ্টার/তহশীলদার, মাধবপুর, হবিগঞ্জ।
৬. জনাব ..........................................................................অত্র পৌরসভার হাট-বাজার/স্থাপনার বিগত ৩ বৎসরের ইজারাদার।
৭. জনাব --------------------------------------------------------------------------------
৮. নোটিশ বোর্ড, মাধবপুর পৌরসভা, জেলা- হবিগঞ্জ।
৯. অফিস নথি।

অনুলিপি কার্যার্থে ঃ-

১.সম্পাদক, দৈনিক জনকন্ঠ, ঢাকা। উল্লেখিত বিজ্ঞপ্তিখানা তাহার বহুল প্রচারিত পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে আগামী সংখ্যায় কেবলমাত্র একবার প্রকাশের জন্য অনুরোধ করা হল।
২.সম্পাদক, দৈনিক প্রতিদিনের বাণী, হবিগঞ্জ। উল্লেখিত বিজ্ঞপ্তিখানা তাহার বহুল প্রচারিত পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে আগামী সংখ্যায় কেবলমাত্র একবার প্রকাশের জন্য অনুরোধ করা হল।